

## ঢাকা ওয়াসা


- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) কাজের ক্যালকুলেশন।
- (৫) ক্লিনিং কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

**Name of the work: Cleaning of inlet chamber, outlet chamber & pump motor suction chamber & delivery chamber of Narinda CPS under PSTP Division কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।**

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্ষমতার ৩ সেট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ক্ষমতার ২ সেট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট সহ মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলো রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক ঘন্টাই চালু থাকে। বিভিন্ন এস.এল.এস হয়ে ট্রাংক মেইন স্যুয়ার লাইনের মাধ্যমে আগত পয়ঃসমূহ প্রথমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের গ্রিড চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে Bar screen হয়ে পাম্পের সাকশন চেম্বার/পাম্প ওয়েলে জমা হয়। সেই কারণে গ্রিড চেম্বার ও পাম্পের সাকশন চেম্বারের পয়ঃমিশ্রিত পানিতে প্রচুর পরিমান স্লাজ, স্লারি ও অন্যান্য পার্টিকেল জমা হতে থাকে থাকে। যা পাম্প টুকে আসতে আসতে পাম্প মোটর জ্যাম হয়ে যায়। অনেক সময় মোটর জ্বলে যায়। সেই কারণে গ্রিড চেম্বার ও পাম্প সাকশন চেম্বার/পাম্প ওয়েল ক্লিনিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaning of inlet chamber, outlet chamber & pump motor suction chamber & delivery chamber of Narinda CPS under PSTP Division" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২,৯৮,২২৬.৯২৩(দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত ছাব্বিশ দশমিক নয় দুই তিন) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭৬; প্যাকেজ নং- W45 তে অন্তর্ভুক্ত আছে।

১.২। আলোচ্য কাজটি বিশেষায়িত ধরনের হওয়ায় পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।




১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Cleaning of inlet chamber, outlet chamber & pump motor suction chamber & delivery chamber of Narinda CPS under PSTP Division" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৮০(১)(খ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২,৯৮,২২৬.৯২৩(দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত ছাব্বিশ দশমিক নয় দুই তিন) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


  
২৭/১০/২৫  
সম্রাট মিঠা  
উপ-সহকারী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা

  
২৭.১০.২০২৫  
মিঠা মিঠা

  
২৭/১০/২৫  
সৈয়দ শিহাবুর রহমান  
নির্বাহী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।

  
২০৪

  
০৬/১১/২০২৫  
(মির্জা গোলাম মিঠা)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
পানি ও পয়ঃ শোধনাগার  
ঢাকা ওয়াসা

  
১৫/১১/২০২৫  
SE(WSTP)